

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৩.২১.২

তারিখ: ২০ পৌষ ১৪২৮

০৪ জানুয়ারি ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের ১০১৬৪/২০২১ রিট পিটিশন আদেশের সপক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সিলেট বিভাগের অধীনস্থ হবিগঞ্জ জেলার বাহবল উপজেলায় অবস্থিত “বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে” প্রতিষ্ঠাকালীন ০৯ জন শিক্ষক-কর্মচারী নিয়োগ বহাল পাওয়া এবং অত্র বিদ্যালয়ের প্রতিষ্ঠাকালীন সভাপতি আবুল হাসিমের দুর্নীতির কারণে চাকরি স্থায়ীকরণে কোনোরূপ আশার আলো দেখতে না পাওয়ায় গত ০৩ অক্টোবর ২০২১ তারিখে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবর আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে কোনো কার্যক্রম গ্রহণ না হওয়ায় সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে ১০১৬৪/২০২১ রিট পিটিশন দায়ের করেন। রিট পিটিশনের শুনানি হলে মহামান্য হাইকোর্ট বিভাগ নিম্নোক্ত আদেশ জারি করেন:

Pending hearing of the Rule, the proceeding of confirmation of 19 teachers allegedly appointed on 26.11.2017 (Annexure-C, C-1 to C-18) be stayed for a period of 02 (two) months from date and the respondent No. 2, is directed to dispose of the representation dated 03.10.2021 (Annexure-F) submitted by the petitioner within a period of 30 (thirty) working days from the date of receipt of this order in accordance with law and communicate the decision to the petitioner.

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ১০১৬৪/২০২১ মামলার অন্তর্ভুক্তিকালীন আদেশের প্রেক্ষিতে বাদীর ০৩/১০/২০২১ তারিখের আবেদন (Annexure-‘F’) বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪-১-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৩.২১.২/১(৪)

তারিখ: ২০ পৌষ ১৪২৮

০৪ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৪-১-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব